

এ.আই.পি.এন.বি.ও.এ—পি.এন.বি.এস.ইউ—পি.এন.বি.স্টাফ.ইউ
পি.এন.বি.এমপ্লয়িজ.কংগ্রেস
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক
কলকাতা সার্কেল

তারিখ — ২২.০৮.২০১৬

সকল কর্মচারী ও অফিসারদের জন্য,

সাথী,

নয়া আর্থিক নীতির প্রবাহকালে ব্যাঙ্ক শিল্পে সংযুক্তিকরণের ঘটনা সাম্প্রতিককালে এক নতুন মাত্রা এনেছে। কেন্দ্রীয় সরকারের এই ব্যাঙ্ক সংযুক্তিকরণের নীতি গ্রাহকদের স্বার্থে নয়। আর্ন্তজাতিক লগ্নি পুজিকে আমাদের দেশে আহ্বান করার পথ মসৃণ করতেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমাদের দেশে সাধারণ মানুষের গচ্ছিত বিপুল পরিমাণ আমানতকে একত্রীকরণের মাধ্যমে লুঠের চক্রান্ত হচ্ছে। কেন্দ্রীয় সরকারের এই সংযুক্তিকরণের প্রক্রিয়াকে মসৃণ করার লক্ষ্যে আমাদের ব্যাঙ্কের কলকাতা সার্কেলের কর্তৃপক্ষ কলকাতার আটটি শাখাকে অন্য শাখার সাথে সংযুক্তিকরণের মাধ্যমে বন্ধ করার পরিকল্পনা গ্রহণ করেছেন। কলকাতা সার্কেল হেডের এই উদ্যোগকে হেড অফিস কর্তৃপক্ষ মান্যতা দিয়েছেন। আমরা মনে করি যে আমাদের ব্যাঙ্কের সাথে অন্যান্য ব্যাঙ্কের সংযুক্তিকরণের কেন্দ্রীয় সরকারের প্রস্তাবকে আগামীদিনে সুষ্ঠুভাবে সম্পন্ন করতেই কলকাতা সার্কেল হেডের এই ঘণ্য পরিকল্পনা।

বিগত তিন বছরে এই শাখাগুলোতে সেরকম কোনো উল্লেখযোগ্য লোকসানের নজির নেই। আমরা কয়েকটি সংগঠন এই সংযুক্তিকরণের বিষয়ে প্রথমে সার্কেল হেড ও পরবর্তী কালে জোনাল ম্যানেজারকে তীব্রভাবে প্রতিবাদ জানিয়েছি। আমরা এই শাখাগুলোর ব্যবসা বৃদ্ধির ক্ষেত্রে সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করার কথা কর্তৃপক্ষকে বলেছি। আমাদের পক্ষ থেকে সর্বকম সাহায্যের আশ্বাসও তাদের দেওয়া হয়েছে।

পরবর্তীকালে সার্কেল হেডের উপস্থিতিতে জোনাল ম্যানেজার আমাদের সাথে আলোচনার প্রতিশ্রুতি দিলেও সংযুক্তিকরণের লক্ষ্যে ব্যাঙ্ক কর্তৃপক্ষ শাখায় শাখায় বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে চলেছেন।

এই পরিস্থিতিতে ব্যাঙ্ক কর্তৃপক্ষের এই ঘৃণ্য চক্রান্তের বিরুদ্ধে আমরা অতি দ্রুততার সাথে আন্দোলনের কিছু কর্মসূচী গ্রহণ করেছি। শাখা সংযুক্তিকরণের প্রক্রিয়ার বিরুদ্ধে আমাদের এই আন্দোলনে বিভিন্ন শাখার ব্যাপক অংশের গ্রাহকদের शामिल করতে হবে।

গত ১৮ই আগস্ট, ২০১৬ তারিখে আমরা কয়েকটি সংগঠন আলোচনার মাধ্যমে নির্দিষ্ট কিছু কর্মসূচী গ্রহণ করেছি।

১) গত শনিবার(২০-০৮-২০১৬)তারিখে আমাদের চারটি সংগঠনের পক্ষ থেকে শ্যামবাজার, সুতাপটী, লেনিন সরণী, ভবানীপুর, চারু এভিনিউ, সতীশ মুখার্জী রোড, সেলিমপুর ও গড়িয়াহাট রোড শাখাতে বিকেল ৫ টায় বিক্ষোভ সমাবেশ সংগঠিত হয়েছে। প্রতিটি সমাবেশে পাশ্চাত্য শাখা থেকে ভাল সংখ্যক কর্মচারী ও অফিসার বন্ধুরা উপস্থিত ছিলেন। বেশ কিছু স্থানে গ্রাহকরাও উপস্থিত ছিলেন।


২) সার্কেল অফিস এ বিক্ষোভ সমাবেশ ও সার্কেল হেডকে ডেপুটেশন। তারিখ পরে জানানো হবে।

৩) জোনাল অফিস এ বিক্ষোভ সমাবেশ ও জোনাল ম্যানেজারকে ডেপুটেশন। তারিখ পরে জানানো হবে।

আগামীদিনে এই আন্দোলন শুধুমাত্র কয়েকটি শাখাতে সীমাবদ্ধ না রেখে সমগ্র কলকাতা সার্কেলে প্রসারিত করতে হবে। এই সংগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য সবাইকে আহ্বান জানাচ্ছি।

আমাদের ব্যাঙ্কের অন্যান্য অংশের কর্মচারী, অফিসার বন্ধু ও গ্রাহকদের ব্যাপক অংশকে এই সংগ্রামে সাথী করে আগামীদিনে আমাদের উপযুক্ত দায়িত্ব ও ভূমিকা পালন করতে হবে।

সংগ্রামী অভিনন্দন সহ,




পি-এন-বি-স্টাফ-ইউনিয়ন
(এন-সি-বি-ই)

Ravan Kr Tandon

পি-এন-বি-এমপ্লয়িজ-কংগ্রেস
(ই-ন-বি-ই-এফ)



এ-আই-পি-এন-বি-ও-এ
(এ-আই-বি-ও-সি)



পি-এন-বি-শ্রমিক-ইউনিয়ন
(বি-ই-এফ-আই)